অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/17/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 350 মিলিয়ন মার্কিন ডলার লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলের অংশ হিসেবে লাইফ সাইন্স ব্যবসা প্রতিযোগিতা শুরু করলেন

লাইফ সাইন্স ও স্বাস্থ্যসেবা প্রযুক্তিভিত্তিক আঞ্চলিক প্রতিযোগিতা ও অ্যাক্সেলেটর কর্মসূচির সমর্থনে 50 মিলিয়ন মার্কিন ডলার

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট আসন্ন RFP-র মাধ্যমে লাইফ সাইন্স ইকোসিস্টেমের সমর্থনের জন্য ইন্ডাস্ট্রির মতামত নিতে বৈঠক আহ্বান করেছে

গভর্নর ক্যাথি হোকল আজকে লাইফ সাইন্স ব্যবসা প্রতিযোগিতা শুরু করলেন, এটি 350 মিলিয়ন মার্কিন ডলার লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলের (Long Island Investment Fund) একটি অংশ। লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলের 50 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সাইন্স ব্যবসা প্রতিযোগিতার প্রথম ধাপ হবে একটি প্রস্তাবনার অনুরোধ (request for proposal, RFP), প্রতিযোগিতার উদ্দেশ্য হবে লাইফ সাইন্স, স্বাস্থ্য প্রযুক্তি এবং মেডিকেল ডিভাইস সেক্টরসমূহে কোম্পানিদের আকৃষ্ট ও বিকশিত করা। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) লাইফ সাইন্স ইন্ডাস্ট্রির অভিজ্ঞদের নিয়ে একটি বৈঠক আহ্বান করেছে RFP প্রতিযোগিতা প্রক্রিয়ার ব্যাপারে প্রাথমিক মতামত গ্রহণ করার জন্য।

"নিউ ইয়র্ক এমন কৌশলী বিনিয়োগ নিয়ে নেতৃত্ব দিতে পেরে গর্বিত যা লং আইল্যান্ড ও পুরো স্টেটে রূপান্তরকারী সুযোগ সৃষ্টি করবে," **গভর্নর হোকল বলেন।** "লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলের লাইফ সাইন্স ব্যবসা প্রতিযোগিতা অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উদ্ভাবন অগ্রসর করবে, অঞ্চলটিকে একটি শক্তিশালী বাণিজ্যিক লাইফ সাইন্স হাব হিসেবে সুপারচার্জ করবে।"

গভর্নর হোকলের ঐতিহাসিক অর্থবছর 2023-র প্রণীত বাজেটে (Enacted Budget) অন্তর্ভুক্ত হওয়া লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলটি এমন প্রকল্পসমূহে মনোযোগ দিবে যা আঞ্চলিক অর্থনীতিকে সমর্থন ও বিকশিত করবে, সম্প্রদায়সমূহের উন্নয়ন করবে, এবং পুরো লং আইল্যান্ডে দীর্ঘস্থায়ী প্রভাব ফেলবে। লাইফ সাইন্স ব্যবসা প্রতিযোগিতার পাশাপাশি, তহবিলটি রূপান্তরকারী আঞ্চলিক বিকাশ প্রকল্পসমূহকে 250 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করবে এবং একটি কর্মীবাহিনী বিকাশ কেন্দ্রের নির্মাণ ও পরিচালনার জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করবে।

প্রতিযোগিতাটি একটি ব্যবসা অ্যাক্সেলেটর সম্পাদন করবে যা লং আইল্যান্ডের ইউনিভার্সিটিসমূহ এবং গবেষণা প্রতিষ্ঠানগুলির সাথে একত্রে কাজ করে স্থায়ী উচ্চ বেতনের কর্মসংস্থান সৃষ্টি এবং প্রতিশ্রুতিশীল প্রযুক্তির বাণিজ্যিকীকরণের সম্ভাবনাসহ লাইফ সাইন্স স্টার্ট-আপ ব্যবসাসমূহকে সমর্থন করবে। লং আইল্যান্ড ব্যবসা প্রতিযোগিতা নিউ ইয়র্ক স্টেটের অন্যান্য সফল ব্যবসা প্রতিযোগিতা, যেমন গ্রো-NY এবং 43নর্থ এর আদলে এবং এদের সম্পূরক হিসেবে নকশা করা হবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বোর্ডের চেয়ারম্যান কেভিন ল বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বাধীনে, লং আইল্যান্ড প্রতিযোগিতামূলক লাইফ সাইন্স ইন্ডাস্ট্রির একদম সম্মুখসারিতে অবস্থান নিতে যাচ্ছে। লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলের ব্যবসা প্রতিযোগিতাটি লাইফ সাইন্স সংগঠনসমূহকে আকৃষ্ট ও বিকশিত করবে, যা ইতিমধ্যে লং আইল্যান্ডে অবস্থিত সমৃদ্ধ রোস্টারে আরো সংযোজন করবে, এবং এটি অঞ্চলটির বাণিজ্যিক লাইফ সাইন্স ইকোসিস্টেমকে উন্নত করার জন্য মুখ্য হবে।"

লাইফ সাইন্স ইন্ডাস্ট্রি নিউ ইয়র্ক স্টেটের একটি শক্তিশালী বিকাশ ইঞ্জিন হয়ে উঠেছে, যা স্টেটের মুখ্য অঞ্চলসমূহকে গতিশীল লাইফ সাইন্স হাবে পরিণত করছে যেখানে থাকছে বিভিন্ন পর্যায়ের গবেষণা, বিকাশ, প্রযুক্তি হস্তান্তর ও বাণিজ্যিকীকরণের প্রতি নিবেদিত সংগঠন ও প্রতিষ্ঠান। লং আইল্যান্ড প্রতিষ্ঠিত লাইফ সাইন্স কোম্পানি ও প্রতিষ্ঠানের বাড়ি, যেগুলি উদ্ভাবনী প্রযুক্তি এবং আধুনিক থেরাপিউটিক্সের উদ্ঘাটনের অগ্রগতির জন্য অতি গুরুত্বপূর্ণ, যেমন ফাইনস্টিন মেডিকেল রিসার্চ ইনস্টিটিউট (Feinstein Institutes for Medical Research), কোল্ড স্প্রিং হার্বার ল্যাবরেটরি (Cold Spring Harbor Laboratory), ব্রুকহেভেন ন্যাশনাল ল্যাবস (Brookhaven National Labs), এবং একইসাথে স্টোনি ব্রুক ইউনিভার্সিটি (Stonybrook University)। লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল থেকে পাওয়া 50 মিলিয়ন মার্কিন ডলার লাইফ সাইন্স আধান অত্যাধুনিক সেক্টরসমূহে, যেমন উদ্ভাবন, বায়োটেকনোলজি, লাইফ সাইন্স, এবং বায়োমেডিকেল বিনিয়োগে, নেতৃত্বদানের ক্ষেত্রে লং আইল্যান্ড ও নিউ ইয়র্কের অবস্থানকে আরো শক্ত করবে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "নিউ ইয়র্ক স্টেট লাইফ সাইন্স উদ্ভাবনের শীর্ষ অবস্থানগুলির একটিতে আছে তার আংশিক কারণ হলো লং আইল্যান্ড ও পুরো স্টেটে একটি আরো শক্তিশালী লাইফ সাইন্স ইকোসিস্টেম গড়ে তুলতে স্টেটের কৌশলী বিনিয়োগ। লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলের লাইফ সাইন্স ব্যবসা প্রতিযোগিতাটি শুধু আমাদের অঞ্চলে অর্থনৈতিক বিকাশের অনুঘটক হবে না, বরং এটি আমাদের গবেষণা করার সক্ষমতাকে এবং বৈশ্বিক উদ্ভাবনী অর্থনীতিতে নিউ ইয়র্কের নেতৃত্ব জোরদার করবে এমন উদ্ভাবনী প্রযুক্তির বিকাশকেও অগ্রসর করবে।"

লং আইল্যান্ড আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Long Island Regional Economic Development Council, LIREDC) সহপ্রধানগণ, বেথপেজ ফেডারেল ক্রেডিট ইউনিয়নের (Bethpage Federal Credit Union) প্রধান কৌশল ও মার্কেটিং কর্মকর্তা লিন্ডা আর্মিন এবং ফার্মিংডেল স্টেট কলেজের (Farmingdale State College) প্রেসিডেন্ট ডাঃ জন ন্যাডার বলেন, "লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলের লাইফ সাইন্স

প্রতিযোগিতা ইন্ডাস্ট্রির একটি প্রতিষ্ঠিত হাব হিসেবে অঞ্চলটির অবস্থান আরো জোরদার করবে এবং নিশ্চিত করবে যাতে লং আইল্যান্ডেই যুগান্তকারী ও উদ্ভাবনী লাইফ সাইন্স কোম্পানিসমূহ যাত্রা শুরু করে ও কর্মকাণ্ড পরিচালনা করে। আমরা গভর্নর হোকলের নেতৃত্ব এবং লং আইল্যান্ডে লাইফ সাইন্স ইন্ডাস্ট্রি বিকাশে তার সমর্থনের জন্য কৃতজ্ঞ।"

স্টেটের সিনেটর আনা এম. কাপ্লান বলেন, "লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল লং আইল্যান্ডের জন্য একটি বিশাল ব্যাপার, এবং আমি এই বছরের স্টেট বাজেটে এটিকে অন্তর্ভুক্ত করার জন্য লড়াই করতে পেরে গর্বিত। আমরা দেখেছি কীভাবে পুরো স্টেটের সফল ব্যবসা অ্যাক্সেলেটরসমূহ উদ্ভাবনকে চালিত করেছে এবং সর্বাধুনিক প্রযুক্তির নতুন ক্ষুদ্র ব্যবসাকে লালন করেছে। লং আইল্যান্ড লাইফ সাইন্স ব্যবসা প্রতিযোগিতাটি আমাদের অঞ্চলের বুদ্ধিগত মূলধনকে কাজে লাগবে এবং আমাদের স্থানীয় গবেষণা প্রতিষ্ঠানগুলির দুর্দান্ত সংস্থান ব্যবহার করে প্রতিযোগিতা শুরু করবে, আমাদের অর্থনীতির বিকাশ করবে, এবং আমাদের অঞ্চলকে বিকাশমান লাইফ সাইন্স ইন্ডাস্ট্রির প্রতিযোগিতায় টিকে থাকতে সাহায্য করবে।"

স্টেটের সিনেটর কেভিন টমাস বলেন, "এই ব্যবসা প্রতিযোগিতা শুরু করা লং আইল্যান্ডের বিজ্ঞান ও প্রযুক্তি হাবগুলিতে উল্লেখযোগ্য পরিমাণ বিনিয়োগ সৃষ্টি করার একটি আকর্ষণীয় উপায়। লং আইল্যান্ড বিনিয়োগ তহবিলের এই বরাদ্দসমূহ নিঃসন্দেহে আমাদের স্থানীয় অর্থনীতিকে অগ্রসর করবে, আমাদের অঞ্চলে সমৃদ্ধিশালী কোম্পানি ও ইন্ডাস্ট্রিসমূহকে কর্মসংস্থান বৃদ্ধি ও সম্প্রদায়ে বিনিয়োগের প্রচার করতে আকৃষ্ট করার জন্য। আমি গভর্নর হোকলকে লং আইল্যান্ডের রূপান্তরকারী অর্থনৈতিক বিকাশের প্রতি তার প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাতে চাই এবং আমি এই চলমান উদ্যোগসমূহকে বাস্তবায়িত হয়ে লং আইল্যান্ডবাসীদের জন্য অর্থপূর্ণ ফলাফল আনার ব্যাপারে সমর্থন করে যেতে উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418